

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৮.০০১.২৫. ১০১৫২

তারিখ: ০৬/১২/২০২৩ খ্রি।

প্রতারক চক্র সম্পর্কিত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি সংঘবদ্ধ প্রতারকচক্র এলজিইডি সদর দপ্তর বা অন্যান্য কার্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম ব্যবহার করে এলজিইডি'তে নিয়োগ, কর্মকর্তা-কর্মচারীদের বদলির ভয়-ভীতি প্রদর্শন ও পদোন্নতির প্রলোভন দেখিয়ে বিভিন্ন মোবাইল/হোয়াটস অ্যাপ নম্বর থেকে ফোন করে বিভিন্ন অঙ্কের টাকা/আর্থিক সহায়তা দাবী করছে।

উল্লেখ্য, এলজিইডি সদর দপ্তর থেকে বদলি/পদোন্নতির বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সাথে ব্যক্তিগতভাবে কোন ধরনের যোগাযোগ করা হয় না।

এমতাবস্থায়, এ ধরনের প্রতারক চক্র থেকে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। একইসাথে প্রতারক চক্রের ফাঁদে পড়ে কোনো ধরনের আর্থিক লেনদেন করা বা ব্যক্তিগত আর্থিক একাউন্টের তথ্যাদি (এটিএম কার্ড, ক্রেডিট/ডেবিট কার্ড নম্বর, পিন নম্বর ইত্যাদি) শেয়ার না করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রয়োজনে নিকটস্থ থানায় সাধারণ ডায়রি (জিডি) করার জন্য বলা হলো।



(কাজী সাইফুল কবীর)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন)

ফোন: ৪৪৮২৬১০১

ই-মেইল: se.admin@lged.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল), এলজিইডি,.....বিভাগ, জেলা:.....।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল), এলজিইডি,..... অঞ্চল, জেলা:.....।
- ৫) প্রকল্প পরিচালক(সকল),....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬) নির্বাহী প্রকৌশলী(সকল), এলজিইডি, জেলা:.....।
- ৭) সিস্টেম এনালিস্ট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। **তাকে এলজিইডি'র ওয়েব সাইট ও PMIS এর নিরাপত্তার বিষয়টি গভীরভাবে পর্যবেক্ষন করে পুনঃমূল্যায়নসহ নিয়মিত মনিটরিং করার অনুরোধ করা হলো।**
- ৮) নির্বাহী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
- ৯) উপজেলা প্রকৌশলী(সকল), এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।